

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৫/২৯ নভেম্বর ২০১৮

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.৪৩২.২০১৭-১৪৫৬—যেহেতু ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মহব্বতজান চৌধুরী-এর বিরুদ্ধে উক্ত উপজেলা পরিষদের নামে রেকর্ডিয় ও ভোগদখলীয় কুতুবা মৌজার ১২৪৯ নং খতিয়ান (এস,এ ৩৮৪) এর ২০৬৯ নং দাগের ০.১৬ একর জমি ৪৬৪২/২০১৬ নং দলিলের মাধ্যমে নিজ নামে নিবন্ধন করে আত্মসাৎ করার অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়;

যেহেতু উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি হিসেবে উপজেলা পরিষদ চেয়ারম্যান পরিষদের সকল সম্পত্তির রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত হওয়া সত্ত্বেও জনাব মহব্বতজান চৌধুরী কর্তৃক উক্ত উপজেলা পরিষদের জমি আত্মসাৎ করা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু বর্ণিত অভিযোগের বিষয়ে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১) ও ১৩(২) ধারা এবং সংশ্লিষ্ট বিধির সকল ধাপ অনুসরণ করা হয়;

যেহেতু বর্ণিত আইনের ১৩(১)(গ) ধারার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই আইনের ১৩(২) ধারার বিধানমতে জনাব মহব্বতজান চৌধুরীকে গত ০৮ মার্চ ২০১৮ তারিখের আদেশে চেয়ারম্যান, বোরহানউদ্দিন উপজেলা পরিষদ পদ হতে অপসারণ করা হয়;

(২৬১৯৫)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু বর্ণিত উপজেলা পরিষদ চেয়ারম্যান স্থানীয় সরকার বিভাগের গত ০৮ মার্চ ২০১৮ তারিখের ৪০৮ নং স্মারকে জারীকৃত অপসারণের আদেশ চ্যালেঞ্জ করে মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫৪০৪/২০১৮ দায়ের করেন;

যেহেতু বর্ণিত উপজেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৫৪০৪/২০১৮ গত ১৪ নভেম্বর ২০১৮ তারিখে বিজ্ঞ আদালত উক্ত রিট পিটিশনটি খারিজ করে নিম্নোক্ত আদেশ প্রদান করেছেন মর্মে ডেপুটি এ্যাটর্নি জেনারেল পত্রের মাধ্যমে অবহিত করেছেন :

"Accordingly the Civil Miscellaneous Petition No. 1084 of 2018 came up in the Cause List of the Appellate Division and was taken up for hearing on 22-11-2018 and upon hearing the respective parties the Hon'ble Appellate Division by order dated 22-11-2018 dismissed the said Civil Miscellaneous Petition and in the result the memo dated 08-03-2018 issued by the Deputy Secretary, Local Government Division, Ministry of Local Government, Rural Development and Co-operative removing the Petitioner Mahabbat Jan Chowdhury from the post of Chairman of Borhanuddin Upazilla, District Bhola has become operative."

সেহেতু জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মহব্বতজান চৌধুরীকে স্থানীয় সরকার বিভাগের গত ০১ মার্চ ২০১৮ তারিখের ৪০৮ নং স্মারকে বর্ণিত উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর পদ হতে অপসারণের আদেশটি পুনর্বহাল করত উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর পদটি সরকার কর্তৃক শূন্য ঘোষণা করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

জিয়াউদ্দীন আহমেদ
উপসচিব।